

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবি হলসমূহের শিক্ষার্থীদের নিয়ে উপাচার্যের ইফতার

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) আবাসিক হলসমূহের শিক্ষার্থীদের নিয়ে ইফতার করেছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। বিশ্ববিদ্যালয়ের ভাষা শহিদ আব্দুস সালাম হল, হযরত বিবি খাদিজা হল, বীর মুক্তিযোদ্ধা আব্দুল মালেক উকিল হল, জুলাই শহিদ স্মৃতি ছাত্রী হল এবং নবাব ফয়জুল্লাহ চৌধুরানী হলে এ ইফতার অনুষ্ঠিত হয়। নোবিপ্রবি হল প্রশাসনসমূহ বুধবার (১২ মার্চ ২০২৫) এ ইফতার, আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করে।

অনুষ্ঠানে উপস্থিত হয়ে ইফতারপূর্ব সংক্ষিপ্ত আলোচনায় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, আজ আমরা সবাই মিলে সারাদিন রোজা রেখে আল্লাহর সন্তুষ্টির জন্য এক সঙ্গে ইফতার করবো এবং দোয়া করবো, যাতে আমাদের বিশ্ববিদ্যালয়কে সবাই মিলে সামনে এগিয়ে নিয়ে যেতে পারি। আমরা সবাই মিলে দোয়া করবো যাতে আমাদের বিশ্ববিদ্যালয়কে র্যাক্ষিণ্ডে ভালো একটি অবস্থানে নিয়ে যেতে পারি। এসময় তিনি আরও বলেন, আমাদের শিক্ষার্থীরা বড় হয়ে দেশে ও বিদেশে ভালো অবস্থানে নিজ নিজ ক্যারিয়ার গড়ে তুলবে। আমরা কোনোদিনও যেনো না শুনি আমাদের শিক্ষার্থীরা দুর্নীতির সঙ্গে জড়িয়ে গেছে। নিজের কর্মে সৎ থেকে আমরা সুন্দর এক আগামী বাংলাদেশ গড়ে তুলবো।

অনুষ্ঠানে উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, প্রক্টর এ.এফ.এম আরিফুর রহমান ও শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর সরকার বক্তব্য রাখেন। এসময় নোবিপ্রবি বিভিন্ন হলের প্রভোস্ট, কর্মকর্তা ও কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪